



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address : Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৮ জুলাই ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

## লক্ষ্মীছড়িতে সন্ত্রাসীদের গুলিতে স্থানীয় এক যুবক আহতের ঘটনায় নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ শনিবার, ১৮ জুলাই ২০২০ এক বিবৃতিতে জেলার লক্ষ্মীছড়ি উপজেলা সদর ইউনিয়নের তংতুল্যা পাড়া এলাকায় রাষ্ট্রীয় বাহিনীর মদদপুষ্ট সন্ত্রাসীদের গুলিতে স্থানীয় এক যুবক আহতের ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ সকাল আনুমানিক সাড়ে ৮টার সময় লক্ষ্মীছড়ি উপজেলা সদরের সেনা জোনের পাশে কুটির শিল্প বিল্ডিংয়ে অবস্থানরত রাষ্ট্রীয় বাহিনীর মদদপুষ্ট একদল সশস্ত্র সন্ত্রাসী লক্ষ্মীছড়ি উপজেলার সদর ইউনিয়নের ৩নং ওয়ার্ডের তংতুল্যা পাড়া দোকান এলাকায় সশস্ত্র হামলা চালায়। এ সময় সন্ত্রাসীদের এলোপাতাড়ি গুলিতে তংতুল্যা পাড়া গ্রামের বাসিন্দা কংচাইরি মারমার ছেলে উষা মারমা (২৬) গুলিবিদ্ধ হয়ে আহত হন। তার ডান পায়ে ২টি গুলি বিদ্ধ হয়। আহত অবস্থায় তাকে লক্ষ্মীছড়ি উপজেলা হাসপাতালে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসকরা তাকে চটুগ্রামে প্রেরণ করেছেন।

তিনি অভিযোগ করে বলেন, সন্ত্রাসীরা দীর্ঘদিন ধরে লক্ষ্মীছড়ি উপজেলা সদরের সেনা জোন ও থানার একেবারে পাশে কুটির শিল্প বিল্ডিং ও লক্ষ্মীছড়ি ছাত্রাবাসে আস্তানা বানিয়ে সশস্ত্রভাবে অবস্থান করে নানা সন্ত্রাসী কর্মকাণ্ড চালালেও প্রশাসন তাদের বিরুদ্ধে কোন পদক্ষেপ গ্রহণ করছে না। উপরন্তু সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা করার জন্য সন্ত্রাসীদের সহযোগীতা দেওয়া হয়ে থাকে।

বিবৃতিতে তিনি অবিলম্বে হামলাকারী সন্ত্রাসীদের গ্রেফতার ও তাদের মদদদান বন্ধ করার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)।